৪২

দৈনিক ইনকিলাব

তারিখ FEB 24 1999
পৃষ্ঠা ১২ কলাম ৬

বিশ্ব বাণিজ্য সংস্থা প্রধানের সাথে বৈঠক

# ২০০৬ সাল নাগাদ বাংলাদেশ নিরক্ষরতা মুক্ত হবে

—শেখ হাসিনা

**ইউএনবি/বাসস** ঃ বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) সফররত মহাপরিচালক রেনাটো রুজাইয়েরো গতকাল (মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সচিবালয় অফিসে সাক্ষাৎ করেন।

রুজাইয়েরো জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে শেখ হাসিনা সরকারের আকর্ষণীয় সফলতার জন্য তাকে অভিনন্দন জানান।

ডব্লিউটিও'র মহাপরিচালক বলেন, বাংলাদেশে বিরাট সম্ভাবনা রয়েছে। প্রধানমন্ত্রী অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, দারিদ্র্যবিমোচন ও দেশ থেকে অশিক্ষা দূরীকরণে তার সরকারের বিভিন্ন কর্মসূচী ও প্রকল্প সম্পর্কে ডব্লিউটিও'র মহাপরিচালককে অবহিত করেন।

প্রধানমন্ত্রী বলেন, ২০০৬ সাল নাগাদ বাংলাদেশ নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত হবে। প্রধানমন্ত্রী কৃষি উৎপাদন বৃদ্ধি এবং জাতীয় অর্থনীতি জোরদারের জন্য কৃষিভিত্তিক শিল্পস্থাপনের উপরও গুরুত্বারোপ করেন।

জেনিভায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ডঃ ইফতেখার আহমদ চৌধুরী ও প্রধানমন্ত্রীর প্রেস সচিব জাওয়াদুল করিম এ সময় উপস্থিত ছিলেন।

**পররাষ্ট্রমন্ত্রীর সাথে সাক্ষাৎ**

বাংলাদেশ স্বল্পোন্নত দেশগুলো থেকে উন্নত দেশগুলোর ব্যাপারে অধিকতর পণ্যসামগ্রীর প্রবেশাধিকারের লক্ষ্যে এসব দেশের জন্য জিরো ট্যারিফ সুযোগ সুবিধা সৃষ্টিতে ডব্লিউটিও'র প্রচেষ্টাকে স্বাগত জানিয়েছে। রেনাটো রুজাইয়েরোর সাথে গতকাল এক বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী আব্দুস সামাদ আজাদ জিরো ট্যারিফ প্রতিষ্ঠায় ডব্লিউটিও'র প্রচেষ্টার প্রশংসা করেন। রুজাইয়েরো বলেন, উন্নত ও উন্নয়নশীল দেশগুলোর মধ্যে বাণিজ্য ভারসাম্যের ব্যবধান কমিয়ে আনার জন্য তার সংস্থা চেষ্টা চালাচ্ছে।